নুরের বিরুদ্ধে প্রতিবেদন ২৫ ফেব্রুয়ারি

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (ডাকসু) সাবেক সহ-সভাপতি (ভিপি) নুরুল হক নুরসহ ছয়জনের বিরুদ্ধে ধর্ষণ মামলায় তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য ২৫ ফেব্রুয়ারি দিন ধার্য করেছেন আদালত। আজ সোমবার এ আদেশ দেন ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট বেগম ইয়াসমিন আরা।

গণমাধ্যমকে এ তথ্য নিশ্চিত করেছেন আদালতের সাধারণ নিবন্ধন কর্মকর্তা (জিআরও) স্বপন কুমার। তিনি বলেন, আজ মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য দিন ধার্য ছিল। কিন্তু মামলার তদন্ত কর্মকর্তা প্রতিবেদন দাখিল করেননি। তাই নতুন করে দিন ধার্য করা হয়েছে।

এর আগে ২০২০ সালের ২০ সেপ্টেম্বর রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রী নুরসহ ছয়জনের বিরুদ্ধে লালবাগ থানায় ওই মামলা করেন। আসামিদের মধ্যে ধর্ষণে ‘সহায়তাকারী’ হিসেবে নুরের নাম উল্লেখ করা হয়।

বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদের আহ্বায়ক হাসান আল মামুনকে মামলার প্রধান আসামি করা হয়েছে। ঘটনাস্থল হিসেবে লালবাগ থানার নবাবগঞ্জ বড় মসজিদ রোডে হাসান আল মামুনের বাসার কথা উল্লেখ করা হয়েছে।

এ মামলায় নুর ও মামুন ছাড়া অন্য আসামিরা হলেন বাংলাদেশ ছাত্র অধিকার পরিষদের যুগ্ম আহ্বায়ক নাজমুল হাসান সোহাগ, যুগ্ম আহ্বায়ক-২ মো. সাইফুল ইসলাম, সহসভাপতি মো. নাজমুল হুদা ও ঢাবি শিক্ষার্থী আবদুল্লাহ হিল বাকি।

শকুন রক্ষায় বন্ধ হচ্ছে

কিটোপ্রোফেন ওষুধ উৎপাদন

দেশে শকুনের বংশ রক্ষার জন্য গবাদিপশুর ব্যথানাশক কিটোপ্রোফেন জাতীয় ওষুধের উৎপাদন বন্ধের সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রিসভা। পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয়ক মন্ত্রণালয় এ ওষুধের উৎপাদন বন্ধের প্রস্তাব মন্ত্রিসভায় উপস্থাপন করে।

সোমবার মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে প্রস্তাবটি অনুমোদন করা হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর সরকারি বাসভবন গণভবন থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ সভায় সভাপতিত্ব করেন। সভা শেষে মন্ত্রিপরিষদ সচিব ড. খন্দকার আনোয়ারুল ইসলাম সচিবালয়ে অনুষ্ঠিত সংবাদ সম্মেলনে এসব তথ্য তুলে ধরেন।

প্রস্তাবের বিভিন্ন বিষয় তুলে ধরে সচিব বলেন, ফার্মাসিটিক্যালস, ওষুধ প্রস্তুতকারী কোম্পানি ও বিশেষজ্ঞদের সঙ্গে আলাপ-আলোচনা করে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনবিষয়ক মন্ত্রণালয় এ প্রস্তাব মন্ত্রিসভায় এনেছে। প্রস্তাবে বলা হয়েছে, কিটোপ্রোফেন ওষুধ বন্ধ না হলে শকুন বাঁচবে না। আর শকুন না থাকলে পুরো দেশের মধ্যে যে পরিমাণ মৃত পশু-পাখি থাকে, তাতে পরিবেশকে নষ্ট করে ও রোগজীবাণু ছড়ায়। শকুন পরিবেশের ভারসাম্য রক্ষায় অন্যতম একটা উপজীব্য হিসেবে কাজ করে।

অপর এক প্রশ্নের জবাবে সচিব বলেন, কিটোপ্রোফেন জাতীয় ওষুধ বন্ধ করে এর পরিবর্তে পরিবেশ ও বন মন্ত্রণালয় মেলোক্সিক্যাম নামে একটি ওষধ ব্যবহারের পরামর্শ দিয়েছে। এই ওষুধের পার্শ্বপ্রতিক্রিয়া খুব কম। এটা ব্যবহার করলে শকুন বা অন্যান্য পাখির ক্ষেত্রে কোনো অসুবিধা হবে না।

সুন্দরবনের বনভূমি পুড়ল আগুনে

সুন্দরবনের চাঁদপাই রেঞ্জে আগুন লেগে বনের গুল্ম জাতীয় গাছপালা পুড়ে গেছে। ধানসাগর ফরেস্ট স্টেশনের শেষ সীমানায় গতকাল সোমবার বেলা ২টার দিকে আগুন লাগার এ ঘটনা ঘটে। বনকর্মী, সহ-ব্যবস্থাপনা

টিমের সদস্য ও ফায়ার সার্ভিস কর্মীরা দুই ঘণ্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে। আগুন পুরোপুরি নিভে না গেলেও আর ছড়াবে না বলে ফায়ার সার্ভিসের কর্মীরা আশ্বস্ত করেছেন। আগুনে সেখানকার ৩ দশমিক ৯৮ শতক এলাকার ঘাস, লতাপাতা, গুল্ম পুড়ে গেছে। খুলনা অঞ্চলের বন বিভাগের প্রধান বন সংরক্ষক মো. মঈনুদ্দিন খান এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, আগুন লাগার খবর পেয়ে ধানসাগর টহল ফাঁড়ির কর্মী, সহ-ব্যবস্থাপনা কার্যক্রম (সিপিসি)-এর সদস্যরা দ্রুত সেখানে যান এবং ফায়ার লাইন কাটার মাধ্যমে আগুন বনের ভেতরে ছড়িয়ে পড়া নিয়ন্ত্রণ করেন। একইসঙ্গে ফায়ার কর্মীরা সেখানে গিয়ে আগুন নেভানোর কাজ করেন।

প্রধান বন সংরক্ষক মো. মঈনুদ্দিন খান আরও বলেন, আগুন লাগার খবর পেয়ে তিনি নিজে এবং সুন্দরবন পূর্ব বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা (ডিএফও) মো. বেলায়েত হোসেন ঘটনাস্থলে যান। তারা ঘটনাস্থল পরিদর্শন করেন।

আগুনে তেমন একটা ক্ষয়ক্ষতি হয়নি বলে তিনি দাবি করেছেন। তবে, আগুন লাগার কারণ কী এবং কারা এর সঙ্গে জড়িত তা অনুসন্ধানে ৩ সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। চাঁদপাই রেঞ্জের সহকারী বন কর্মকর্তা (এসিএফ) এনামুল হককে কমিটির প্রধান করা হয়েছে। এ কমিটিকে ৭ দিনের সময় দেওয়া হয়েছে। পাশাপাশি এ ঘটনায় শরণখোলা থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে।

ধানসাগর স্টেশন কর্মকর্তা ফরিদুল ইসলাম বলেন, বেলা দুইটার দিকে সিপিজে সদস্য সোলায়মান হোসেন বনের মধ্যে ধোঁয়ার কন্ডলী দেখে আমাকে ফোন করেন। পরে আমি সিপিজি সদস্য, স্থানীয় লোক ও বনরক্ষীদের নিয়ে ঘটনাস্থলে যাই। সেখানে স্থানীয়ভাবে আগুন নেভানোর চেষ্টা করি। ফায়ার সার্ভিসকে খবর দেই। তারা এসে পানি দিয়ে আগুন নিয়ন্ত্রণে এনেছে। তবে ততক্ষণে ধানসাগর স্টেশনের টহল ফাঁড়ির এক কিলোমিটার ভিতরে প্রায় ৪ শতক বনভূমি পুড়ে গেছে। তবে বড় ধরনের কোনও গাছ পোড়েনি।

আগুন লাগার কারণ জানতে চাইলে তিনি বলেন, প্রাথমিকভাবে ধারণা করছি, বিড়ি সিগারেটের অব্যবহৃত অংশ থেকে আগুন লাগতে পারে। আগুন লাগার কিছুক্ষণ আগে অল্প বয়সী কয়েকটি ছেলে বনের মধ্য থেকে বের হয়েছে এমন তথ্য পেয়েছি স্থানীয়দের কাছ থেকে। বিষয়টি আমরা খতিয়ে

দেখছি।

শরণখোলা ফায়ার সার্ভিস স্টেশনের স্টেশন কর্মকর্তা এস এম আব্দুল ওয়াদুদ বলেন, বন বিভাগের মাধ্যমে খবর পেয়ে আমরা ঘটনাস্থলে এসেছি। প্রায় দুই ঘণ্টার চেষ্টায় আমরা আগুন নিয়ন্ত্রণে এনেছি। আগুন নিয়ন্ত্রণে এলেও সম্পূর্ণ নেভানো সম্ভব হয়নি। বনের গাছের পাতা পড়ে মাটিতে প্রায় দেড় থেকে দুই ফুট উঁচু পাতার স্তর তৈরি হয়েছে। যার ফলে মাঝে মাঝে আগুন জ্বলে উঠছে। ঝুটের কারখানায় আগুন লাগলে যা হয় তেমন পরিস্থিতি সৃষ্টি হয়েছে।

স্থানীয়দের বরাত দিয়ে স্টেশন কর্মকর্তা এসএম আব্দুল ওয়াদুদ আরও বলেন, দুপুরের দিকে কিছু উচ্ছৃঙ্খল ছেলেমেয়ে বনের মধ্যে প্রবেশ করেছিল বলে শুনেছি। ধারণা করছি, তাদের ফেলা সিগারেটের অংশ থেকে আগুনের সূত্রপাত হয়েছে।

পূর্ব সুন্দরবন বিভাগের বিভাগীয় বন কর্মকর্তা (ডিএফও) মোহাম্মাদ বেলায়েত হোসেন বলেন, আগুন সম্পূর্ণ নিভে গেছে। এখন আর কোনও সমস্যা নেই। ওই এলাকায় এখন বনরক্ষীদের নজরদারি বাড়ানো হয়েছে।

টিকাদান নিশ্চিত করার নির্দেশ: প্রধানমন্ত্রী

করোনাভাইরাসের সংক্রমণ ঠেকাতে দেশব্যাপী শুরু হয়েছে গণ টিকাদান কর্মসূচি। ভিআইপি, সম্মুখসারির কর্মীদের পাশাপাশি টিকা নিচ্ছেন সব শ্রেণি-পেশার মানুষ। বাড়ছে নিবন্ধনকারীর সংখ্যা। ৪০ বছরের বেশি বয়সী ও টিকাগ্রহীতা ব্যক্তির পরিবারের টিকাদান নিশ্চিত করার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দেশব্যাপী টিকাদান শুরুর পর টিকা নিয়ে কাটতে শুরু করেছে শঙ্কা। এত দিন যাদের মধ্যে নানা দ্বিধাদ্বন্দ্ব ছিল তারাও এখন নিবন্ধন করছেন। টিকা নেওয়ার জন্য অপেক্ষায় আছেন। মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে গতকাল প্রধানমন্ত্রী শেখ হাসিনা টিকা কর্মসূচি সম্প্রসারণের লক্ষ্যে নিবন্ধনের বয়সসীমা ৫৫ থেকে কমিয়ে ৪০ বছর করার নির্দেশনা দিয়েছেন। নিবন্ধনকৃতরা যাতে টিকাদান কেন্দ্রে নিজেদের পরিবার-পরিজন নিয়ে

আসতে পারেন সে রকম ব্যবস্থা চালু করার কথা বলেছেন প্রধানমন্ত্রী।

করোনাভাইরাসের গণ টিকাদানের দ্বিতীয় দিনে ঢাকার গুরুত্বপূর্ণ কেন্দ্রগুলোয় টিকাগ্রহীতাদের উপস্থিতি বেড়েছে। অনেক প্রবীণ স্বজনদের সঙ্গে এসে টিকা নিয়ে বলেছেন, প্রাণঘাতী এ ভাইরাস থেকে এখন নিরাপদ বোধ করছেন তারা। গতকাল সকাল ৮টা থেকে বেলা আড়াইটা পর্যন্ত টিকা দেওয়া হয়। করোনাভাইরাস মোকাবিলার সম্মুখসারির কর্মীদের সঙ্গে বয়সে প্রবীণ, মুক্তিযোদ্ধাসহ কয়েকটি শ্রেণির নাগরিকরা প্রথম দিকে টিকা পাচ্ছেন। রাজধানীর হাসপাতাল ও টিকাদান কেন্দ্র ঘুরে উৎসাহ-উদ্দীপনার মধ্য দিয়েই মানুষকে টিকা নিতে দেখা গেছে। গতকাল বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে (বিএসএমএমইউ) টিকা নিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা, আপিল বিভাগের অবসরপ্রাপ্ত বিচারপতি এ এইচ এম শামসুদ্দিন চৌধুরী মানিক।

সিইসি দেশের সব ভোটারকে নিজ নিজ এলাকা থেকে টিকা নেওয়ার আহ্বান জানিয়েছেন। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের শিল্পী রফিকুল আলম ও কণ্ঠশিল্পী আবিদা সুলতানা বিএসএমএমইউ কেন্দ্রে টিকা নিয়েছেন। টিকা নেওয়ার পর রফিকুল আলম বলেন, ‘সরকার অত্যন্ত চমৎকার ব্যবস্থাপনায় টিকাদান কার্যক্রম পরিচালনা করছে। আমি ছোটবেলা থেকে অনেক টিকা নিয়েছি। তখন তো টিকা নেওয়া অনেক কষ্টকর ছিল; ঘা হয়ে যেত, ইনফেকশন হতো। আজকে ভ্যাকসিন নেওয়ার পর কোনো প্রতিক্রিয়া অনুভূত হলো না। মাত্র ৩-৮ সেকেন্ড লাগে। ভয় পাওয়ার কোনো কারণই দেখছি না।’ গতকাল সংসদ ভবন টিকা কেন্দ্রে টিকা নিয়েছেন অভিনেত্রী, সংসদ সদস্য সুবর্ণা মুস্তাফা।

স্বাস্থ্য অধিদফতরসূত্রে জানা যায়, গতকাল সন্ধ্যা সাড়ে ৬টা পর্যন্ত টিকার জন্য নিবন্ধন করেছেন ৫ লাখ ১২ হাজার ৫ জন। গণ টিকাদান কর্মসূচির প্রথম দিন টিকা নিয়েছেন ৩১ হাজার ১৬০ জন। গতকাল দেশব্যাপী টিকা নিয়েছেন ৪৬ হাজার ৫০৯ জন। ঢাকার ৪৪ কেন্দ্রে টিকা নিয়েছেন ৭ হাজার ১৭৮ জন। বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় কেন্দ্রে টিকা নিয়েছেন ৮৯৮, সচিবালয় ক্লিনিকে নিয়েছেন ২৫৭, কুয়েত মৈত্রী হাসপাতালে নিয়েছেন ২৩৯, কুর্মিটোলা জেনারেল হাসপাতালে নিয়েছেন ৩৬৯ আর ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে টিকা নিয়েছেন ৫০০ জন।

সম্মুখসারির কর্মী হিসেবে নিবন্ধন করে গতকাল শেখ রাসেল গ্যাসট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতালে টিকা নিয়েছেন ঢাকা উত্তর

সিটি করপোরেশনের জনসংযোগ কর্মকর্তা এ এস এম মামুন। তিনি বলেন, ‘৭ ফেব্রুয়ারি বেলা ১১টার দিকে টিকার জন্য অনলাইনে নিবন্ধন করেছিলাম। বিকালে মোবাইলে খুদে বার্তায় টিকা কেন্দ্রের নাম ও তারিখ জানানো হয়। আজ সকালে এসে টিকা নিলাম। এখন পর্যন্ত সুস্থ আছি। পরিচ্ছন্ন পরিবেশে যত্নসহকারে টিকা দিয়েছেন দায়িত্বরতরা। টিকা নিয়ে অকারণ ভয়ের কিছু নেই। আমি সম্পূর্ণ সুস্থ আছি এবং কোনো পার্শ্বপ্রতিক্রিয়া হয়নি।’

গণ টিকাদান কর্মসূচির প্রথম দিনেই টিকা নিয়েছেন শেখ হাসিনা জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের সমন্বয়ক অধ্যাপক ডা. সামন্ত লাল সেন। তিনি বলেন, ‘টিকা নেওয়ার ২৪ ঘণ্টা পার হয়েছে। আমি টিকা নিয়ে ফিরে অফিস করেছি, বাসায় গিয়ে খেয়েছি। সকালে হাঁটাহাঁটি করেছি, অফিস করেছি অন্য রকম কিছু মনে হয়নি। বরং টিকা দিয়ে সাহস বেড়েছে। এ টিকায় মানুষের ক্ষতির কিছু নেই।

তাই টিকা নিয়ে নিজে সুরক্ষিত হোন, পরিবারকে সুস্থ রাখুন, দেশকে করোনামুক্ত করুন।’ ভারতের সেরাম ইনস্টিটিউটে তৈরি অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার করোনাভাইরাসের টিকা বাংলাদেশে দেওয়া হচ্ছে। সবাইকে এ টিকার দুটি ডোজ নিতে হবে। প্রথম ডোজ নেওয়ার চার সপ্তাহ পর ডোজ নিতে হবে। এ টিকার ৩ কোটি ডোজ পেতে সেরাম ইনস্টিটিউটের সঙ্গে চুক্তি হয়েছে বাংলাদেশের, যার মধ্যে ৫০ লাখ ডোজ হাতে পাওয়ার পর জেলায় জেলায় পৌঁছে দেওয়া হয়েছে আগেই। এ ছাড়া ভারত সরকারের উপহার হিসেবে পাওয়া গেছে আরও ২০ লাখ ডোজ টিকা।

হরিণাকুণ্ডুতে স্কুলের আঙ্গিনায় জরাজীর্ণ শহীদ মিনার

যদিও সরকারি আদেশ অনুযায়ী প্রতিটি বিদ্যালয়ে শহীদ মিনার থাকা বাধ্যতামূলক। কয়েকদিন পরেই ২১ ফেব্রুয়ারী আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। ভাষা শহীদদের শ্রদ্ধা জানানোর দিন।

যদিও মরণব্যাধী করোনা ভাইরাসের কারনে এদিন দেশের বিভিন্ন শিক্ষা

প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা শহীদ মিনারে ফুল দিয়ে শহীদদের শ্রদ্ধা জানাতে আসতে পারবে কিনা তা জানা নেই।

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ৪ নং দৌলতপুর ইউনিয়নের দখলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রয়েছে এমনি একটি জরাজীর্র্ণ অবহেলিত হয়ে পড়ে থাকা শহীদ মিনার। বর্তমানে এ বিদ্যালয়ে প্রায় ২ শতাধিক ছাত্রী-ছাত্রী পড়াশোনা করে।

এ বিষয়ে ঐ বিদ্যালয় পড়ুয়া বেশ কিছু শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করলে তারা বলে আগে আমাদের যখন স্কুলে অনুষ্ঠান হতো তখন আমাদের খুব অসুবিধা হতো। আমাদের স্কুলের শহীদ মিনার ভেঙ্গে গেছে, তাই ফুল দিতে চরম অসুবিধা হতো। শহীদ মিনার ভাঙ্গাচুরার কারণে ২১ ফেব্রুয়ারি ভালোভাবে পালন করতে পারতাম না।

ভাষার জন্য যারা শহীদ হয়েছিলেন, যাদের জন্য আমরা বাংলা ভাষা পেয়েছি, যাদের জন্য আমরা বাংলা ভাষায় কথা বলতে পারি সেই শহীদের জন্য আমরা গর্ব করি। কিন্তু দুঃখের বিষয় আমাদের স্কুলের শহীদ মিনার কয়েক বছর ধরেই ভাঙ্গাচুরা অবস্থায় অবহেলিত হয়ে পড়ে আছে। তাই আমাদের স্কুলের শহীদ মিনারটি অচিরেই সুন্দর করে তৈরির দাবি জানাচ্ছি।

এবিষয়ে দখলপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মোকাররম হোসেন বলেন, যেহেতু আমাদের স্কুলের আশে পাশে আর কোন বিদ্যালয়ে শহীদ মিনার নেই। দীর্ঘ দিন আমাদের স্কুলের শহীদ মিনারটি এভাবে আংশিক ভেঙ্গেচুর অবস্থায় পড়ে আছে ২১ ফেব্রুয়ারির দিন আমাদের ছোট্ট ছোট্ট কোমলমতি ছাত্র ছাত্রীদের নিয়ে ভাষা শহীদদের শ্রদ্ধা জানানোর দিন পড়তে হয় চরম ঝুকিতে। চলতি মাসেই শহীদ মিনারটি সুন্দর করে সংস্কার করে উপযুক্ত করে গড়ে তোলার দাবি জানাচ্ছি।

উপজেলা শিক্ষা অফিসার মোঃ আব্দুর রহমান বলেন, যেহেতু করোনা মহামারীর কারণে স্কুলের অনেক উন্নয়ন কাজ ব্যাহত হয়েছে। তাছাড়া এখনও পর্যন্ত আমাদের কাছে এ ধরনের কোনও লিখিত বা মৌখিক অভিযোগ স্কুল কর্তৃপক্ষ দেয় নি। তবে এখন যেহেতু জেনেছি আমাদের সামনে ১১ তারিখে মাসিক মিটিংয়ে বিষয়টি নিয়ে সুরাহা করার চেষ্টা করবো।

মুজিবনগরে বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যারাথন ২০২১ উপলক্ষে আলোচনা সভা

বাংলাদেশ সেনাবাহিনী ১১ পদাতিক ডিভিশন বগুড়া সদর দফতরের উদ্যোগে ও মেহেরপুর জেলা প্রশাসনের সহযোগিতায় মুজিবনগরে বঙ্গবন্ধু শেখ মুজিব ম্যারাথন ২০২১ উপলক্ষে আলোচনাা সভা অনুুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকালে মুজিবনগর উপজেলা পরিষদ হলরুমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে বাংলাদেশ সেনাবাহিনী ১১ পদাতিক ডিভিশন বগুড়া সদর দফতরের সিনিয়র ওয়ারেন্ট অফিসার মজিব, মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, পুলিশ পরিদর্শক (তদন্ত) শরিফুল ইসলাম, বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ূব হোসেনসহ উপজেলা পরিষদের কর্মকর্তাবৃন্দ, শিক্ষক, ইনজিও প্রতিনিধি ও সাংবাদিকগন উপস্থিত ছিলেন।

উল্যেখ্য, আগামী ২১ ফেব্রুয়ারী প্রযন্ত অনলাইনের মাধ্যেমে ম্যারাথন দৌড়ের জন্য রেজিষ্ট্রেশন চলবে। ১৬ বছরের উর্ধে সকলে রেজিষ্ট্রেশন করতে পারবে।

আল জাজিরার প্রতিবেদন উদ্ভট ও

কাল্পনিক: মাহবুব উল আলম হানিফ

আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুব-উল আলম হানিফ এমপি বলেছেন, আল জাজিরা উদ্ভট ও কাল্পনিক একটা রিপোর্ট প্রকাশ করেছে যার সাথে আমাদের প্রধানমন্ত্রী, সরকার বা রাষ্ট্রের সাথে কোন সর্ম্পক নেই।

দেশের বাইরে পলাতক এক আসামী কথোপকথন তুলে ধরা হয়েছে। আর হারিছ আহম্মেদ আর সরকারের মধ্যে কোন দূর্নীতির চিত্র সেখানে নেই। সেও পলাতক আসামী। লন্ডনে দন্ডপ্রাপ্ত পলাতক তারেক রহমানের সাথেও তো বিএনপির নেতারা গিয়ে দেখা করেন, কথা বলেন।

হানিফ বলেন, দেশের মধ্যে থেকে ৭১ এর পরাজিত শক্তি, ক্ষমতায় থাকতে দূর্নীতি করে আদালতে দন্ডপ্রাপ্ত হয়েছে হাওয়া ভবনের সেইসব কর্ণধররা প্রধানমন্ত্রী ও সরকারের বিরুদ্ধে অপ্রচার করে যখন কোন লাভ হয়নি তখন দেশের বাইরে থেকে আলজাজিরায় কাল্পনিক উদ্ভট টাইপের একটা স্টোরি বানিয়ে প্রধানমন্ত্রীর ইমেজকে খাটো করার চেষ্টা করা হয়েছে।

জনসমর্থন বিহীন বিএনপি এখন দিবাস্বপ্ন দেখছে, তারা মনে করছে ষড়যন্ত্র করে সরকারের পতন ঘটানো যাবে। যে কারনে তারা সবসময় ষড়যন্ত্রের পথ খুজতে থাকে। আমরা আগেও বলেছি বিএনপি জামায়াতের কোন ক্ষমতা নেই যে, এই সরকারের পতন ঘটাবে, সরকারের পতন একমাত্র জনগনই করতে পারে নির্বাচনের মাধ্যমে। এর বাইরে কোনভাবেই সরকারের পতন ঘটানো যাবেনা। বিএনপির এই স্বপ্ন স্বপ্নই থেকে যাবে।

তিনি সোমবার বেলা ১১টায় কুষ্টিয়া শহরে পিটিআই রোডে নিজ বাসভবনে নবগঠিত কুষ্টিয়া টেলিভিশন ক্যামেরাপারসন এসোসিয়েশনের নেতৃবৃন্দদের সাথে শুভেচ্ছা বিনিময় ও স্থানীয় নেতাকর্মীদের সাথে মতবিনিময় শেষে সাংবাদিকদের এসব কথা বলেন।

এ সময় জেলা আওয়ামীলীগসহ বিভিন্ন সহযোগি সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে কোভিড-১৯ টিকা নিলেন উপজেলা নির্বাহী অফিসার

মুজিবনগরে ভ্যাকসিন প্রয়োগ কার্যক্রমের ২য় দিনে কোভিড-১৯ টিকা নিলেন উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার,ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা,মুজিবনগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও মহাজনপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমাম হোসেন মিলুসহ মোট ২৩ জন।

সোমবার বেলা ১২ টার দিকে মুজিবনগর উপজেলা স্বাস্থ কমপ্লেক্সে যেয়ে তারা টিকা গ্রহন করেন।

টিকা গ্রহন শেষে উপজেলা নির্বাহী অফিসার বলেন, সরকারের নির্দেশনা মোতাবেক অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করে নির্ধারিত তারিখে টিকা গ্রহণ করলাম। যারা সন্মুখসারির করোনাযোদ্ধা আছেন, তারা অনলাইনে রেজিস্ট্রেশন করুন এবং টিকা নিন।

মুজিবনগর উপজেলায় যথাসময়ে পর্যাপ্ত পরিমাণ টিকার ডোস প্রেরণের জন্য মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি।

মেহেরপুরে বিএনপির বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ

বিএনপি চেয়ারপার্সন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার ৩ বছর কারাবন্দী দিবস উপলক্ষে মেহেরপুরে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

আজ সোমবার ৮ই ফেব্রুয়ারী সকাল ১০টায় জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় বক্তব্য রাখেন পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, জেলা বিএনপির যুগ্ম সম্পাদক আঃ রহিম, জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, সদর উপজেলা

বিএনপির সাধারন সম্পাদক সাইফুল ইসলাম সহ জেলা অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

সভাপতির বক্তব্যে মাসুদ অরুন বলেন, আধিপত্যবাদী শক্তির দোসর লুটেরা ও কালোটাকার মালিকদের সেবাদাস বর্তমান সরকার অবৈধভাবে ক্ষমতায় থাকার লক্ষ্যে বেগম খালেদা জিয়াকে কারাবন্দী রেখেছে।

বিজিবির সঙ্গে গোলাগুলিতে ২ রোহিঙ্গা নিহত

নাইক্ষ্যংছড়ি ঘুমধুমে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্যদের সঙ্গে গোলাগুলিতে দুজন রোহিঙ্গা ইয়াবাকারবারি নিহত হয়েছেন। রবিবার দিবাগত ৪টার দিকে বান্দরবানের নাইক্ষ্যছড়ি উপজেলার ঘুমধুম ইউনিয়নের গর্জনবনিয়া চাকমাপাড়া সীমান্তে এ গোলাগুলির ঘটনা ঘটে।

বিজিবির দাবি, এ সময় বিজিবির দুই সদস্য আহত হয়েছেন। তাদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। ঘটনাস্থল থেকে এক লাখ পিস ইয়াবা, দুটি একনলা বন্দুক, চারটি তাজা কার্তুজ ও দুটি খোসা উদ্ধার করা হয়েছে।

নিহত ইয়াবাকারবারিরা হলেন- কক্সবাজারের উখিয়ার কুতুপালং ১নম্বর রোহিঙ্গা ক্যাম্পের ডি/২ ব্লকের ফোরকান মাহমুদের ছেলে মো. জোবায়ের (২৮) ও একই এলাকার লম্বাশিয়া ২নম্বর রোহিঙ্গা ক্যাম্পের ডি/৩ ব্লকের হামজা মিয়ার ছেলে দীল মোহাম্মদ (২৫)।

কক্সবাজার ৩৪ বিজিবি’র সহকারি পরিচালক মো. ইয়ার হোসেন সাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, সীমান্তের রেজুপাড়া বিওপির সদস্যরা গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারে, কিছু ইয়াবা ব্যবসায়ী বিপুল পরিমাণ ইয়াবা নিয়ে মিয়ানমার হতে বাংলাদেশে প্রবেশ করতে পারে। এমন সংবাদের ভিত্তিতে রেজুপাড়া বিওপি’র দুটি টহল দল সীমান্তে অবস্থান নেয়।

ভোররাতের দিকে ৫/৬ জনের একটিদল পাহাড়ি এলাকা দিয়ে বাংলাদেশে

প্রবেশ করে। তাদেরকে চ্যালেঞ্জ করলে তারা দুইভাগে বিভক্ত হয়ে টহল দলকে লক্ষ্য করে গুলি বর্ষণ করে।

টহল দল তাদের জান-মাল রক্ষার্থে পাল্টা গুলি করে। এক পর্যায়ে অজ্ঞাতনামা ইয়াবা ব্যবসায়িরা পাহাড়ি জঙ্গলের ভেতরে পালিয়ে যায়। পরবর্তীতে টহল দল ঘটনাস্থলে গিয়ে দুজন ব্যক্তিকে গুলিবিদ্ধ অবস্থায় উদ্ধার করেন। তাদের উখিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাদেরকে মৃত ঘোষণা করেন।

নিহতদের মৃতদেহ দুটি ময়নাতদন্তের জন্য কক্সবাজার জেলা সদর হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে। এ ব্যাপারে সংশ্লিষ্ট আইনে মামলা রুজু করা হয়েছে বলে জানানো হয়েছে।